



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
VIDYASAGAR UNIVERSITY
Question Paper

B.A. Honours Examinations 2022

(Under CBCS Pattern)

Semester - II

Subject : BENGALI

Paper : C 3 - T

[প্রাচীন ও মধ্যযুগের পদপথ]

Full Marks : 60

Time : 3 Hours

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

$2 \times 5 = 10$

১। ‘সোনে ভরিতী করণা নাৰী’—পদটি কার, কত সংখ্যক পদ?

1+1

২। মুনিদত্তের ‘নির্মলগিরা’য় চর্যাপদের ১নং পদটি কী নামে উল্লিখিত? পদটিতে কোন্ রাগের উল্লেখ আছে?

1+1

৩। ‘দুলি দুহি পিটা ধৱণ ন জাই?’—কত সংখ্যক পদ? ‘দুলি’ ও ‘দুহি’ শব্দ দুটির অর্থ লেখো।

২

৪। রামপ্রসাদের পদগুলিকে কয়টি পর্যায়ে ভাগ করা যায় এবং কী কী?

২

P.T.O.

৫। ‘শান্তপদাবলী’র দুটি অপ্রধান চরিত্রের নাম লেখো। ২

৬। শান্তপদাবলীর অন্য নাম কী ও কেন সেই নাম? ২

অথবা

শান্ত পদাবলীর উৎস কী? ২

৭। পদাবলী সাহিত্যে ‘মেথিল কোকিল’ বলতে কাকে বোঝানো হয়? তাঁর অপর দুটি উপাধি কী কী? ২

৮। মহাপ্রভু চণ্ডীদাসের পদ আস্থাদন করতেন, তাঁর প্রমাণ কীভাবে পাওয়া যায়? ২

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 4 = 20$

৯। “ভবনই গাহন গস্তীর বেগেঁ বাহী।

দু অন্তে চিথিল মাৰোঁ ন থাহী॥।

ধামাঁথে চাটিল সাক্ষন গঢ়ই।

পার গামিলোআ নিভৱ তরই॥।”

—পদটি সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

১০। “অগৱ বাৱিহিৱেঁ ডোষ্বী তোহোৱি কুড়িআ”—পদটির সাধারণ অর্থ বিশ্লেষণ করো। ৫

১১। “বিৱতি আহাৱে রাঙ্গা বাস পরে

যেমতি যোগিনী পারা”

—কার লেখা? কোন্ পর্যায়ের পদের অংশ? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। $2+3$

১২। “নাম পৱতাপে যার ইছন কৱল গো

অঙ্গেৰ পৱশে কিবা হয়।”

—পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? উদ্বৃত অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

- ১৩। “হেরিয়ে তনয়া মুখ পাসরিলাম সব দুখ,
 আজি সে কেমন সুখ হতেছে স্বপন-জ্ঞন।”
 —পদটির রচনাকার কে? কোন্ পর্যায়ের পদ? পঙ্ক্তি দুটির বক্তব্য বিশ্লেষণ করো। ১+১+৩
- ১৪। ‘ভবের গাছে বেঁধে দিয়ে পাক দিতেছ অবিরত,
 তুমি কি দোষে করলে আমায়, ছটা কলুর অনুগত।’
 —কার, কোন্ পর্যায়ের পদ? ছটা কলু বলতে কী বোঝানো হয়েছে? কবির অভিযোগের তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩
- বিভাগ - গ**
- যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০
- ১৫। শান্তপদাবলীতে আগমনী-বিজয়ার পদে বাঙালি সমাজ-পরিবার জীবনের যে ছবি ধরা পড়েছে তার পরিচয় দাও। ১০
- ১৬। পাঠ্য পদগুলি অবলম্বনে চর্চাপদের সাহিত্যমূল্য নির্ণয় করো। ১০
- ১৭। ‘মা আমায় ঘুরাবে কত’—শান্তপদটি কার, কোন্ পর্যায়ের পদ? পদটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৮
- ১৮। ‘চণ্ডীদাস আক্ষেপানুরাগের শ্রেষ্ঠ কবি।’—তোমার পঠিত পদ বিশ্লেষণ করে এই বক্তব্যের যৌক্তিকতা বিচার করো। ৫+৫
- ১৯। অভিসার কাকে বলে? অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমাদের পঠিত অভিসার পর্যায়ের একটি পদের কাব্যসৌন্দর্য্য বিশ্লেষণ করো। ২+১+৭
-



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
VIDYASAGAR UNIVERSITY
Question Paper

B.A. Honours Examinations 2022

(Under CBCS Pattern)

Semester - II

Subject : BENGALI

Paper : C 4 - T

[চৈতন্যজীবনী ও মঙ্গলকাব্য সাহিত্য পাঠ]

Full Marks : 60

Time : 3 Hours

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

$2 \times 5 = 10$

- ১। শ্রীচৈতন্যের নামকরণ প্রসঙ্গ কোন্ অধ্যায়ে আছে? তাঁর বাল্যনাম বিশ্বস্তর রাখা হয়েছিল কেন?
- ২। চৈতন্যভাগবতের অষ্টম পরিচ্ছেদে উল্লিখিত দুটি নদী ও দুটি পর্বতের নাম লেখো।
- ৩। দিঘিজয়ী পঞ্চিত কে ছিলেন? তিনি নবদ্বীপে কেন এসেছিলেন?
- ৪। কালকেতুর বিবাহ কে কার কন্যার সঙ্গে স্থির করেছিলেন?
- ৫। ফুল্লরা কোন হাটে মাংসের পসরা দিতেন? তিনি মাংস বিক্রি করে কী দ্রব্য কিনে আনেন?

- ৬। অন্নদামঙ্গল কাব্যের কয়টি ভাগ ও কী কী ?
- ৭। অন্নদামঙ্গল কাব্যে ভারতচন্দ্র কী কী ভগিতা ব্যবহার করেছেন লেখো ।
- ৮। হরিহোড়ের পিতা ও মাতার নাম কী ছিল ? তাঁর জীবিকা কী ছিল ?

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

$5 \times 8 = 40$

- ৯। ‘চৈতন্যভাগবতে’র আদি খণ্ডের প্রথম অধ্যায়ে বর্ণিত মধ্য ও শেষ খণ্ডের লীলাসূত্র সংক্ষেপে বিবৃত করো ।
- ১০। ‘চৈতন্যভাগবত’ কাব্য থেকে তৎকালীন নবদ্বীপের সমাজ-সংস্কৃতি বিষয়ে কী জানা যায় লেখো ।
- ১১। মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ণীমঙ্গল’ কাব্যে ‘গ্রন্থোৎপত্তির কারণ’ অংশের গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে লেখো ।
- ১২। ‘অন্নদামঙ্গল’ কাব্যের ঈশ্বরী পাটনী চরিত্রটি সংক্ষেপে পর্যালোচনা করো ।
- ১৩। “একটি অঙ্গুরী নিলে হবে কোন কাম ।

সারিতে নারিবে প্রভু ধনের দুর্নাম ॥”—প্রসঙ্গ ব্যাখ্যা করে তাৎপর্য লেখো ।

- ১৪। “ভিক্ষা মাগি ভিক্ষা মাগি কাটিলাম কাল ।

তবু ঘুচাইতে নারিলাম বাঘচাল ।”—প্রসঙ্গ ব্যাখ্যা করে তাৎপর্য লেখো ।

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

$10 \times 3 = 30$

- ১৫। কবি বৃন্দাবন দাস রচিত ‘চৈতন্যভাগবত’-এর অনুসরণে শ্রীচৈতন্যের বাল্য ও কৈশোর লীলার পরিচয় দাও ।
- ১৬। ‘চৈতন্যভাগবত’ অবলম্বনে হরিদাস মাহাত্ম্য বিষয়ে আলোচনা করো ।
- ১৭। কবি মুকুন্দ চক্রবর্তী রচিত ‘চণ্ণীমঙ্গল’ কাব্যে প্রতিফলিত সমাজচিত্রের বিবরণ দাও ।
- ১৮। ‘চণ্ণীমঙ্গল’ কাব্যের ফুল্লরা চরিত্র চিত্রণে কবি মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব নিরপণ করো ।
- ১৯। ভারতচন্দ্রের ‘অন্নদামঙ্গল’ কাব্যের রসের বিচার করো ।



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
VIDYASAGAR UNIVERSITY
Question Paper

B.A. Honours Examinations 2022

(Under CBCS Pattern)

Semester - II

Subject : BENGALI

Paper : GE 2 - T

Full Marks : 60

Time : 3 Hours

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

[বাংলা কাব্য সাহিত্যের ধারা ও বৈষ্ণব পদাবলীর পাঠ]

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

$2 \times 5 = 10$

- ১। চর্যাপদের আদি কবি কে? চর্যাপদের সর্বাধিক পদ রচয়িতা কে?
- ২। হরপ্রসাদ শাস্ত্রী নেপাল থেকে কী কী পুঁথি সংগ্রহ করেছিলেন? এগুলি তিনি কী নামে প্রকাশ করেছিলেন?
- ৩। শ্রীকৃষ্ণকীর্তন কাব্য কে, কবে, কোথা থেকে সংগ্রহ করেছিলেন?
- ৪। মনসামঙ্গল কাব্যের আদি কবি কে? মনসামঙ্গলের শ্রেষ্ঠ কবির নাম কী?
- ৫। ভারতচন্দ্রের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ কোনটি? কাব্যটির কয়টি খণ্ড ও কী কী?

P.T.O.

- ৬। পূর্বরাগ কাকে বলে ?
- ৭। রবীন্দ্রনাথের গোধুলি পর্বের দুটি কাব্যের নাম ও প্রকাশকাল লেখো ।
- ৮। বাংলায় অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন কে করেন ? তাঁর কোন্ কাব্যগ্রন্থে প্রথম এই ছন্দের প্রয়োগ দেখা যায় ?

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

$$5 \times 8 = 40$$

- ৯। সংক্ষেপে চর্যাপদের সাহিত্য মূল্য নিরূপণ করো ।
- ১০। গৌরাঙ্গবিষয়ক পদ এবং গৌরচন্দ্রিকার মধ্যে পার্থক্য লেখো ।
- ১১। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের বিষয়বস্তু সংক্ষেপে লেখো ।
- ১২। অভিসার কাকে বলে ? অভিসার কয় প্রকার ও কী কী ?
- ১৩। মধুসূদন দত্ত রচিত ‘বীরাঙ্গনা’ কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও ।
- ১৪। জীবনানন্দ দাশের কাব্যকৃতির প্রধান বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো ।

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

$$10 \times 3 = 30$$

- ১৫। চর্যাপদে বর্ণিত বাংলার সমাজ ও মানব-জীবনচিত্রের স্বরূপ বিশ্লেষণ করো ।
- ১৬। বিদ্যাপতির কবি-প্রতিভা বিশ্লেষণ করো ।
- ১৭। ‘রূপ লাগি আঁখি ঝুরে’—পদটি কার, কোন্ পর্যায়ের পদ ? পদটির তাৎপর্য ব্যাখ্যা করো ।
- ১৮। কবি নজরুল ইসলামের কবি-প্রতিভার স্বরূপ পর্যালোচনা করো ।
- ১৯। কবি অমিয় চক্রবর্তীর কবিকৃতি আলোচনা করো ।
-

OR

[নাট্য সাহিত্যের ধারা এবং কাব্য ও নাটক পাঠ]

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

$2 \times 5 = 10$

- ১। মধুসূদন দত্ত রচিত শ্রেষ্ঠ নাটক কোনটি? এটি কবে প্রকাশিত হয়?
- ২। দ্বিজেন্দ্রলাল রায় রচিত দুটি প্রহসনের নাম ও প্রকাশকাল লেখো।
- ৩। মন্থ রায় রচিত প্রথম পূর্ণাঙ্গ নাটকের নাম ও প্রকাশকাল লেখো।
- ৪। ‘হ্যাঁ, স্ত্রীগোক তাদের আবার জাতি কি? তারা তো সাক্ষাৎ প্রকৃতি স্বরূপ।’—কে, কাকে একথা বলেছে?
- ৫। পঞ্চির বাবা ও মায়ের নাম কী? পঞ্চির কোথায় বিয়ে হয়েছিল?
- ৬। ‘আরে মিছে গৌঁসা করো কেন?.... চল, মোরা একটু তফাতে দাঁড়াই....’—কে, কেন একথা বলেছে?
- ৭। ‘কথা ও কাহিনী’ কবে প্রকাশিত হয়? কাব্যটি কাকে উৎসর্গ করা হয়েছিল?
- ৮। ‘কথা ও কাহিনী’ কাব্যে যে সমস্ত কথা ও কাহিনী নেওয়া হয়েছে তাদের উৎস কী বলে কবি জানিয়েছেন লেখো।

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

$5 \times 4 = 20$

- ৯। ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- ১০। গোরামিক নাটক রচনায় মন্থ রায়ের কৃতিত্ব পর্যালোচনা করো।
- ১১। ‘বুড় শালিকের ঘাড়ে রেঁ’ প্রহসনে সেকালের ক্ষয়িয়ত সমাজের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।
- ১২। ‘বুড় শালিকের ঘাড়ে রেঁ’ প্রহসনটির অপ্রধান নারীচরিত্রের পরিচয় দাও।
- ১৩। ‘কথা ও কাহিনী’ কাব্যের ‘কথা’ ও ‘কাহিনী’ অংশ পৃথক করার যৌন্তিকতা কী?
- ১৪। ‘কথা ও কাহিনী’ কাব্যের ‘ব্রাহ্মণ’ কবিতার বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

 $10 \times 3 = 30$

- ১৫। নাট্যকার দীনবন্ধু মিত্রের প্রতিভার মূল্যায়ন করো।
 - ১৬। রূপক-সাংকেতিক নাটক রচনায় রবীন্দ্রনাথের কৃতিত্ব বিচার করো।
 - ১৭। ‘বুড় শালিকের ঘাড়ে রোঁ’ প্রহসন হিসেবে কতখানি সার্থক হয়েছে তা বিচার করো।
 - ১৮। ‘কথা ও কাহিনী’ কাব্যের নামকরণের সার্থকতা বিচার করো।
 - ১৯। ‘কথা ও কাহিনী’ কাব্যের ‘দুই বিদ্যা জমি’ কবিতার সাহিত্যমূল্য নিরূপণ করো।
-